গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাসিক (এপ্রিল, ২০২২ মাসের) সমন্বয়সভার কার্যবিবরণী

সভাপতি	:	**মোঃ এহছানে এলাহী** সচিব শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার তারিখ	:	১০.০৫.২০২২
সময়	:	সকাল ১০.০০ ঘটিকা
বিবেচ্য মাস	:	এপ্রিল, ২০২২
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি কর্তৃক উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) গত সমন্বয়সভার সিদ্ধান্তের (মার্চ, ২০২২ মাসের) আলোকে বাস্তবায়ন অগ্রগতি (এপ্রিল, ২০২২ মাসের) সভায় উপস্থাপন করেন।

২। গত ১২.০৫.২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয়সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে
২.১	**গত সভার কার্যবিবরণী অনুমোদন** ১২.০৪.২০২২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের সমন্বয়সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। কার্যবিবরণীটি যথাযথভাবে লিখিত হয়েছে মর্মে সভায় সকলে ঐকমত্য পোষণ করেন।	১২.০৪.২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	সিনিয়র সহকারী সচিব (সমন্বয়)
২.২	**মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন** অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এ বিষয়ক প্রকাশনা কমিটির আহ্বায়ক সভায় জানান, সামগ্রিক কার্যক্রমের প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। শিগগিরই কার্যক্রমের প্রতিবেদন মুদ্রণ করা হবে।	আগামী ১৪/০৬/২০২২ তারিখের পূর্বেই মুজিববর্ষের বাস্তবায়িত সামগ্রিক কার্যক্রমের প্রতিবেদন প্রস্তুত করে প্রকাশ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশা:)/ উপসচিব (রপ্তানীমুখী শিল্প)/ সি:স: সচিব (প্রশাসন)/সি: স: সচিব (সমন্বয়)
২.৩	**মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম সংশোধন** সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) সভায় জানান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অনুকূলে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে ৬টি ক্যাডার পদ অনুমোদন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছে। জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সঙ্গে এ মন্ত্রণালয়ের যোগাযোগ অব্যাহত রয়েছে।	অর্থ বিভাগ হতে প্রেরিত অর্গানোগ্রাম সংশোধন সম্মতির পর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুত গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সি: স: সচিব (প্রশাসন)
২.৪	**মন্ত্রণালয়ের শূন্যপদের বিবরণ ও জনবল নিয়োগ** সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) জানান, মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্যপদ পূরণের জন্য লিখিত পরীক্ষা সদয় নির্দেশনা পেলে কার্যক্রম গ্রহণ করা সম্ভব হবে। ১ম ও ২য় শ্রেণির অন্যান্য শূন্যপদ পূরণের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় এর ইউনিট-১২-র উপপরিচালকের সাথে টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি জানান, বর্ণিত পদসমূহে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কার্যক্রম প্রক্রিয়াধীন। গত ১২	(ক) মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্যপদ পূরণের জন্য লিখিত পরীক্ষা যতদ্রুত সম্ভব সম্পন্ন করতে হবে। (খ) ১ম ও ২য় শ্রেণির অন্যান্য শূন্যপদ পূরণের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয় এবং জনপ্রশাসন	অতিরিক্ত সচিব (প্রশাসন)

	এপ্রিল, ২০২২ তারিখের এ মন্ত্রণালয়ের ৯ম গ্রেড গ্রন্থাগারিক (লাইব্রেরিয়ান)-এর ১টি শূন্য পদে নিয়োগের সুপারিশ প্রদানের লক্ষ্যে অধিযাচন প্রেরণ করা হয়েছে।	মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	
২.৫	**নিয়োগবিধি চূড়ান্তকরণ ও অর্গানোগ্রাম অনুমোদন** যুগ্মসচিব (সংস্থাপন) জানান, 'শ্রম অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত ও শ্রম আপীল আদালত (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৯' এর খসড়া নিয়োগবিধি বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক সুপারিশের পর উক্ত খসড়া নিয়োগ বিধিমালা ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে ১১-০৪-২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। তিনি আরও বলেন, শ্রম অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুমোদনের লক্ষ্যে যাবতীয় কাগজপত্রাদি গত ১৭-০১-২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদার আলোকে প্রয়োজনীয় কাগজপত্রাদি গত ০৮-০৫-২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	(ক) 'শ্রম অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত ও শ্রম আপীল আদালত (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৯' সংশোধনের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সঙ্গে যোগাযোগ অব্যাহত রেখে যথাসম্ভব দ্রুত নিয়োগ বিধিমালা জারি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) শ্রম অধিদপ্তরের অর্গানোগ্রাম সংশোধনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সঙ্গে কার্যকর যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)/ যুগ্মসচিব (সংস্থাপন)
২.৬	**APA ২০২১-২০২২ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা** সিনিয়র সহকারী সচিব (বাজেট) সভায় জানান, ২০২১-২২ অর্থ-বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) টিম প্রধান কর্তৃক অধিদপ্তর/দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সমন্বয়ে দুই মাসে সভা করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হচ্ছে। গত ২৪-০৩-২০২২ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সভা অনুষ্ঠিত হয়েছে।	(ক) ২০২১-২২ অর্থ-বছরে APA কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। (খ) মন্ত্রণালয়ের APA টিমপ্রধান কর্তৃক অধিদপ্তর/দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সমন্বয়ে দুই মাসে সভা করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)/ উপসচিব (বাজেট)/ দায়িত্ব প্রাপ্ত সকল কর্মকর্তা
২.৭	**জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), ২০২১-২০২২** যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) সভায় জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২-এর কার্যক্রম ৩ অনুচ্ছেদ অনুযায়ী শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম হিসেবে মাঠপর্যায়ে পরিদর্শন ও পরিবীক্ষণ করার জন্য অফিসাদেশে উল্লিখিত মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকে পরিদর্শন ও পরিবীক্ষণপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য আগামী ৩০-০৫-২০২২ তারিখের মধ্যে অনুরোধ করা হয়েছে। উল্লেখ্য যে, গত ১৩-০৪-২০২২ তারিখে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	(ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২-এর বাস্তবায়নের নিমিত্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে আগামী ৩০-০৫-২০২২ তারিখের মধ্যে পরিদর্শন ও পরিবীক্ষণপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। (খ) মাঠপর্যায়ে দপ্তর/সংস্থায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে।	দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.৮	**অভিযোগ প্রতিকার ব্যবস্থা বা** Grievance Redress System (GRS) সিস্টেম এনালিস্ট সভায় জানান, Grievance Redress System প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে এবং প্রতি মাসের মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। উল্লেখ্য এপ্রিল, ২০২২ মাসে ০৪টি অভিযোগ পাওয়া যায়। অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।	(ক) প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে, এবং মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে।	অনিক/ সি: স: সচিব (সমন্বয়)/ সহ: মেইন: ইঞ্জিনিয়ার
২.৯	**আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন/সংশোধন** সহকারী সচিব (আইন) সভায় জানান, বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশোধনের খসড়া আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিংকৃত খসড়ার একটি বিধি সংশোধনপূর্বক পুনঃভেটিংয়ের জন্য অনুরোধ জানানো	(ক) বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫, সংশোধিত ২০২১-এর কার্যক্রম আগামী ১৫-০৩-২০২২ তারিখের মধ্যে আইন মন্ত্রণালয়ে ভেটিংয়ের জন্য প্রেরণ করতে হবে।	যুগ্মসচিব (শ্রম)/ সহকারী সচিব (আইন)

	হয়েছে। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৮) সংশোধনের নিমিত্ত ইতোমধ্যে কমিটি পুনর্গঠন করা হয়েছে। এ মন্ত্রণালয়ের বিজ্ঞ প্যানেল আইনজীবী নিয়োগ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য অনুরোধ জানানো হয়েছে। অত্যাবশ্যক পরিষেবা আইন, ২০২১' ভেটিংয়ের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।	(খ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করে শ্রম আইন সংশোধন কমিটি পুনর্গঠন করতে হবে। অবিলম্বে স্টেকহোল্ডারদের নিকট হতে প্রাপ্ত সংশোধন প্রস্তাবসমূহ সমন্বিত করে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ পুনঃসংশোধনের নিমিত্ত কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। (গ) এ মন্ত্রণালয়ের একাধিক প্যানেল আইনজীবী বা আইনি উপদেষ্টা নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। (ঘ) 'অত্যাবশ্যক পরিষেবা আইন, ২০২১' আইন মন্ত্রণালয় কর্তৃক ভেটিং সম্পন্ন করার জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	
২.১০	**উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও তথ্য বাতায়ন হালনাগাদ** সিস্টেম অ্যানালিস্ট সভায় জানান, কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত কর্মপরিকল্পনা অনুযায়ী মোট ৫০ নম্বরের মধ্যে স্বমূল্যায়িত অর্জিত নম্বর ৪২। অবশিষ্ট কার্যক্রম চলমান রয়েছে। নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়।	(ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) অনুযায়ী উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। (খ) নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে।	দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা/ সিস্টেম অ্যানালিস্ট/ সহ: মেইন: ইঞ্জিনিয়ার
২.১১	**ই-ফাইল বাস্তবায়ন কার্যক্রম** সিস্টেম অ্যানালিস্ট সভায় জানান, প্রাপ্ত অধিকাংশ পত্র ই-ফাইলিং-এর মাধ্যমে নিষ্পত্তি করা হয়। এপ্রিল'২০২২ মাসে হার্ডফাইলে প্রাপ্ত ডাক ফ্রন্টডেস্ক কর্তৃক ৯০% আপলোড করে ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি করা হয়। বিগত এপ্রিল'২০২২ মাসে মোট ০৩ টি শাখা/অধিশাখা হতে হার্ড ফাইলের নথি নিষ্পন্নের তথ্য আইসিটি সেলে প্রেরণ করা হয়। গত ২০-০৩-২০২২ তারিখে আইসিটি সেলের সকল ল্যাপটপের তালিকা সহ অব্যবহৃত ল্যাপটপ সমূহে সেবা শাখায় বুঝিয়ে দেওয়া হয়েছে।	(ক) হার্ডফাইলে প্রাপ্ত ডাক ফ্রন্টডেস্ক হতে ১০০% আপলোড করে ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করতে হবে। (খ) শাখা/অধিশাখা হতে হার্ডফাইলের নথি নিষ্পন্নের তথ্য প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে আইসিটি সেলে প্রেরণ করতে হবে এবং আইসিটি সেল কর্তৃক ছকাকারে সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে। (গ) ব্যবহারযোগ্য ল্যাপটপ মেরামত করে কর্মকর্তাদের বিতরণ করতে হবে।	সকল কর্মকর্তা/ উপসচিব (সেবা)/ সিস্টেম অ্যানালিস্ট
২.১২	**সিটিজেন চার্টার বাস্তবায়ন** সিনিয়র সহকারী সচিব (বাজেট) সভায় জানান, সিটিজেন চার্টারের সেবাসমূহ নির্ধারিত সময়ে প্রদান করা হয়।	সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সিস্টেম এনালিস্ট
২.১৩	**অভ্যন্তরীণ প্রশিক্ষণ** উপসচিব (প্রশিক্ষণ) সভায় জানান, এপ্রিল, ২০২২ মাসে ৬৬ জন কর্মকর্তা-কর্মচারীকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। । APA লক্ষ্যমাত্রা অনুযায়ী শ্রেণিভিত্তিক নথি, নতুন এসিআর, ই-নথি, তথ্য অধিকার এবং জিআরএস (GRS) বিষয়সমূহের ওপর পর্যায়ক্রমে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।	(ক) APA লক্ষ্যমাত্রা অনুযায়ী শ্রেণিভিত্তিক নথি, নতুন এসিআর, ই-নথি, তথ্য অধিকার এবং জিআরএস (GRS) বিষয়সমূহের ওপর পর্যায়ক্রমে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করতে হবে।	উপসচিব (প্রশিক্ষণ)
২.১৪	**অডিট আপত্তি নিষ্পত্তি** উপসচিব (বাজেট) সভায় জানান, পূর্বের অডিট আপত্তি ছিল ৩টি এর মধ্যে একটি নিষ্পত্তি হয়েছে (আপত্তিকৃত টাকা ৯১,৮২,০৬১/-) এবং ২টি অডিট আপত্তির (আপত্তিকৃত টাকা ৯,৩৬,২৫৪/-) ব্রডশীট জবাব এবং	(ক) BEPZA-র অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপসচিব (বাজেট)/ উপসচিব (সেবা)

	প্রয়োজনীয় কাগজপত্রাদি এ মন্ত্রণালয়ের সুপারিশসহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরে গত ২১-০৩-২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। তিনি আরও বলেন, গত ০৮/০৯/২০২১ তারিখে 'সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর' থেকে ৬টি অডিট আপত্তি পাওয়া গিয়েছে (আপত্তিকৃত টাকা ৬৪,৮৬,০৫৪/-)। অডিট আপত্তিগুলোর ব্রডশীট জবাব প্রস্তুত করে সুপারিশসহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।	(খ) সেবা শাখা কর্তৃক অডিট আপত্তির ব্রডশীট জবাব দ্রুত প্রেরণ করতে হবে। (গ) বাজেট ও উন্নয়ন শাখা সমন্বিতভাবে উন্নয়ন বিষয়ক অডিট আপত্তি নিষ্পত্তি করবে। (গ) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে প্রয়োজনীয় দলিলাদি চেয়ে পত্র প্রেরণ করতে হবে।	
২.১৫	**বাজেট** সিনিয়র সহকারী সচিব (বাজেট) সভায় জানান, তিন মাস অন্তর নিয়মিত Budget Management Committee (BMC) সভা আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় গত ০৩-০২-২০২২ তারিখে ২০২১-২২ অর্থ-বছরের ২য় কোয়ার্টারের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। শীঘ্রই ৩য় কোয়ার্টারের সভা আহবান করা হবে।	প্রকিউরমেন্ট প্লান অনুযায়ী ব্যয় নির্বাহ করতে হবে এবং তিন মাস অন্তর নিয়মিত Budget Management Committee (BMC)-র সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)/ উপসচিব (বাজেট)/ উপসচিব (সেবা)
২.১৬	**সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী অধিশাখা/শাখা পরিদর্শন** উপসচিব (প্রশাসন অধিশাখা) সভায় জানান, মার্চ ও এপ্রিল ২০২২ মাসে মোট ৬টি অধিশাখা/শাখা পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। উল্লেখ্য, এপ্রিল-২০২২ পর্যন্ত মোট ৩৭টি শাখা/অধিশাখা পরিদর্শন করা হয়েছে।	(ক) মন্ত্রণালয়ের শাখা/অধিশাখার সংখ্যা বিবেচনায় নিয়ে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী শাখা/অধিশাখা পরিদর্শন নিয়মিত বৃদ্ধি করতে হবে। পরিদর্শন প্রতিবেদন প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।	সকল কর্মকর্তা/ সি: স: সচিব (প্রশাসন)
২.১৭	**নবগঠিত শ্রম আদালত** উপসচিব (আদালত) সভায় জানান, (ক) গাজীপুর, নারায়ণগঞ্জ, কুমিল্লা জেলায় শ্রম আদালতসমূহের পদ সৃজন, যানবাহন ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণে মঞ্জুরী আদেশ জিও অর্থ বিভাগ হতে গত ২৯-৩-২০২২ তারিখ পৃষ্ঠাংকন করা হয়েছে। আদালতসমূহের ভৌগোলিক অঞ্চল অধিক্ষেত্র নির্ধারণপূর্বক গেজেটে প্রকাশের লক্ষ্যে ভেটিং এর জন্য গত ২১-০৪-২০২২ তারিখ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে নথি প্রেরণ করা হয়েছে। তিনি আরও বলেন, (খ) ময়মনসিংহ ,দিনাজপুর, যশোর, কুষ্টিয়া, বগুড়া, পাবনা ও নোয়াখালী জেলায় নতুন ০৭টি শ্রম আদালত গঠনে আইন ও বিচার বিভাগ হতে ইতিবাচক মতামত প্রাপ্তির পর প্রতিটি শ্রম আদালতে ১৪(চৌদ্দ)টি করে মোট ৯৮ (আটানব্বই)টি পদ সৃজন এবং যানবাহন ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণের প্রস্তাব প্রেরণ করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সভায় প্রস্তাব পর্যালোচনাপূর্বক হালনাগাদ চেকলিস্ট মোতাবেক প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদিসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৫-০৪-২০২২ তারিখে প্রস্তাব প্রেরণ করা হলে প্রস্তাবিত শ্রম আদালতসমূহে মামলা, কলকারখানা ও শ্রমিকের সংখ্যা চেয়ে পুনরায় চিঠি দিয়েছে।	(ক) গাজীপুর, নারায়ণগঞ্জ ও কুমিল্লা জেলায় নতুন ৩টি শ্রম আদালত গঠনের জন্য পৃষ্ঠাঙ্কন, ভৌগোলিক অঞ্চল নির্ধারণ ও গেজেটেড প্রকাশ যথাসম্ভব দ্রুত করতে হবে। (খ) ময়মনসিংহ, দিনাজপুর, যশোর, কুষ্টিয়া, বগুড়া, পাবনা ও নোয়াখালী জেলায় নতুন ০৭টি শ্রম আদালত গঠনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	উপসচিব (আদালত)
২.১৮	**কর্মসংস্থান অধিদপ্তর সৃষ্টি** উপসচিব (কর্মসংস্থান) সভায় জানান, কর্মসংস্থান অধিদপ্তর সৃষ্টির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কর্মসংস্থান অধিদপ্তর সৃষ্টির প্রস্তাব গত ২২-১২-২০২০ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় প্রস্তাব পর্যালোচনা করে অতিরিক্ত	(ক) মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ হতে অফিস আদেশ জারি করতে হবে।	অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ উপসচিব (কর্মসংস্থান)/ উপসচিব (প্রশাসন)

	প্রয়োজনীয় তথ্যাদি চাওয়ার পরিপ্রেক্ষিতে গত ০২-০২-২০২১ তারিখে চাহিত তথ্যাদি পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভার আলোচনা ও সুপারিশের পরিপ্রেক্ষিতে পুনরায় তথ্যাদি প্রেরণের জন্য 'কর্মসংস্থান অধিদপ্তর গঠন বিষয়ক কমিটি'র সভাপতি মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার আলোচনা ও সিদ্ধান্ত অনুযায়ী প্রতিবেদন সংশোধনপূর্বক চেকলিস্ট অনুযায়ী গত ১৬-০৩-২০২২ তারিখে ৩য় বারের মতো জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে গত ০৭-০৪-২০২২ তারিখে পুনরায় বিভিন্ন তথ্য ও প্রমাণকসহ Allocation of Business অনুযায়ী এ মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কার্যক্রমের তথ্যাদি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে।	(খ) কর্মসংস্থান অধিদপ্তর গঠন বিষয়ক যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	
২.১৯	অভ্যন্তরীণ শিখন পর্ব (Learning Session) চালুকরণ উপসচিব (কর্মসংস্থাপন) জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন সভায় এসডিজি ২০৩০ এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ মাসুদ করিম, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০২১-২৫ বিষয়ে অভ্যন্তরীণ শিখন পর্বে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। শিখন পর্বের জন্য নিম্নলিখিত অবশিষ্ট টপিকের ওপর আলোচনা করতে হবে: (১) দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১; (২) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রেক্ষাপটে ব্যবসা সহজীকরণ সুচকে করণীয়।	আগামী সমন্বয়সভায় 'দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১' বিষয়ে আলোচনা ও পেপার উপস্থাপন করবেন আন্তর্জাতিক অধিশাখার যুগ্মসচিব জনাব মোঃ হুমায়ুন কবীর	APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ উপসচিব (প্রশিক্ষণ)
২.২০	**কোভিড-১৯ মোকাবেলায় গৃহীত কার্যক্রম** সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) সভায় জানান, কোভিড-১৯ নিয়ন্ত্রণে মাননীয় প্রধানমন্ত্রীর সর্বশেষ নির্দেশনা ও মন্ত্রিপরিষদ বিভাগের বিধি-নিষেধ এবং নির্দেশনা প্রতিপালনের লক্ষ্যে মন্ত্রণালয় হতে সকল কর্মকর্তা ও কর্মচারী ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।	(ক) মাননীয় প্রধানমন্ত্রীর সর্বশেষ নির্দেশনা ও মন্ত্রিপরিষদ বিভাগের কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে যেসব বিধি-নিষেধ ও নির্দেশনা প্রদান করেছে তা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সি: স: সচিব (প্রশাসন)
২.২১	**অনিষ্পন্ন বিষয়** সভাপতি মন্ত্রণালয়ের সকল শাখা ও অধিশাখার অনিষ্পন্ন বিষয়সমূহ সমন্বয় সভায় আলোচনা করার জন্য নির্দেশনা প্রদান করেন। সমন্বয় শাখা কর্তৃক প্রেরিত ছক (সংযুক্ত) মোতাবেক পূরণপূর্বক সমন্বয় শাখায় প্রেরণের জন্য সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) অনুরোধ করেন।	সমন্বয় শাখা কর্তৃক প্রদত্ত ছক অনুযায়ী অনিষ্পন্ন ডাক ও নথি সংক্রান্ত তথ্য প্রতিমাসে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে এবং সমন্বয় শাখা সভায় উপস্থাপন করবে।	সকল অধিশাখা/শাখার কর্মকর্তা/সিস্টেম এনালিস্ট
২.২২	**বিবিধ** (ক) মন্ত্রণালয়ের কর্মকর্তা সভায়/সেমিনারে অংশগ্রহণ শেষে প্রতিবেদন প্রদান করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। (খ) এ মন্ত্রণালয়ের উপসচিব (সংস্থাপন-১) জনাব মোঃ হানিফ সিকদার-এর অন্যত্র বদলি হওয়ায় সভাশেষে তাঁর বিদায় সম্বর্ধনা অনুষ্ঠান করা হয়।	(ক) মন্ত্রণালয়ের কর্মকর্তা অন্য মন্ত্রণালয়ে বা দপ্তরে সভায়/সেমিনার/প্রশিক্ষণ অংশগ্রহণ শেষে মন্ত্রণালয়ের সচিব বরাবর সে বিষয়ের ওপর গুরুত্বপূর্ণ আলোচনার বিষয়বস্তু বা প্রশিক্ষণের সারসংক্ষেপ প্রতিবেদন আকারে প্রদান করতে হবে।	উপসচিব (সেবা) /সি: স: সচিব (বাজেট)

৩। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
১২-০৫-২০২২
মোঃ এহছানে এলাহী
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়